



প্রেস রিলিজ

"A Thousand Tales Part 7" রিপন কুমার দাস আয়োজিত দলীয় প্রদর্শনী

ধানমন্ডি, ঢাকা- আগামী ১২ জুন ২০২৬ হতে ১৫ জুন পর্যন্ত অনুষ্ঠিত হতে যাচ্ছে "A Thousand Tales Part 7" গ্যালারি সফিউদ্দিন শিল্পালয়ে, বাড়ি নং ২১/এ, রোড নং ৪, ধানমন্ডি, ঢাকা- ১২০৫। সময় : দুপুর ১১টা থেকে ৮টা। প্রদর্শনীয় উদ্বোধন ১২ জুন ২০২৬ বিকাল ৫টায়।

২০১৭ সালের আগস্ট মাসে ২৭ জন নবীন শিল্পীদের ৫৫টি শিল্পকর্ম প্রদর্শনীর মাধ্যমে "A Thousand Tales Part 1" এর যাত্রা শুরু হয়। এই প্রথম প্রদর্শনীর উদ্বোধন করেছিলেন স্বনামধন্য শিল্পী মুস্তফা মনোয়ার এবং সেই প্রথম প্রদর্শনীর সাফল্যের সূত্র অনুসারে ২০১৯ সালে আয়োজিত হয় "A Thousand Tales Part 2" যা কিনা প্রথম প্রদর্শনীর সার্থকতা বজায় রাখে। করোনা মহামারীতে যখন পৃথিবী থমকে দাঁড়ায়, সেই দুরহ বিপন্ন সময়ে আমাদের শিক্ষক রিপন কুমার দাস আমাদের উৎসাহিত করেছেন অনিশ্চয়তার মাঝে সৌন্দর্য খুঁজে নিয়ে বিচিত্র অনুভূতি গুলো শিল্পে রূপান্তরিত করতে। ২০২১ সালে "A Thousand Tales Part 3" অনুষ্ঠিত হয় অনলাইনে। কোভিড ১৯ এর অনিশ্চয়তার কাল পার করে আমরা ২০২২ সালে আবারো সগৌরবে আয়োজন করে "A Thousand Tales Part 4" যেখানে ১৯ জন নব্য প্রতিভার শিল্পকর্ম প্রদর্শনীর উদ্বোধন করেন শিল্পী কনক চাঁপা চাকমা। এর ধারাবাহিকতায় ২০২৩ ও ২০২৪ সালে সফিউদ্দিন শিল্পালয়ে "A Thousand Tales Part 5 & 6" সফলভাবে আয়োজন করা হয়।

আমরা ব্যাপক উৎসাহের সাথে আরো একবার ফিরে এসেছি "A Thousand Tales Part 7" এর আয়োজন নিয়ে, এবারের প্রদর্শনীতে দেখা যাবে জলরং, অ্যাক্রলিক, তেলরং, চারকোল, সফট প্যাস্টেল, ছাপচিত্র সহ বৈচিত্রময় মাধ্যমের শৈলী। শিল্পচর্চায় সৌখিনতাকে অতিক্রম করে এগিয়ে যাওয়ার প্রত্যয় দেখেছি তাঁদের কয়েকজনের কাজে। এবারের উদ্বোধনী অনুষ্ঠানের সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট মুক্তিযোদ্ধা শিল্পী অধ্যাপক সৈয়দ আবুল বারুক আলভী, শিল্পী অধ্যাপক আনিসুজ্জামান এবং খ্যাতিমান শিল্পী আব্দুল মান্নান। প্রদর্শনীতে অংশগ্রহণকারী ২৩ জন নবীন শিল্পীদের নাম হলো আদ্রিতা, আরিয়া, ইরতিজা, মানতাকা তাহিয়াত, টুপুর, আরিকা, নাবিয়া, রুদাবা, নুরাইয়া, জারিন, আফসিন, স্বপনীল, ওয়ারিশা, ফারিয়া, রাহীল, সারিন, সামারা, নাদেজদা, রাইসা, নইরিতা, নুসাইবা, রাইহানা, নুসাইবা আনিকা।

আমাদের অনুভূতি ও ভাবনার প্রতিফলন ঘটে আমাদের সৃষ্টিতে, সেই প্রাণ ঢালা আবেগের শৈলীতে প্রকাশ পায় আমাদের গল্প, যা আমরা তুলে ধরতে চাই গোটা বিশ্বের কাছে এই প্রদর্শনী মাধ্যমে। আমাদের ছবি তুলে ধরে দৈনন্দিন জীবনের সহস্র আখ্যান, যার মাঝেই প্রতিনিয়ত তুচ্ছ সাধারণ ঘটনাতেই আমরা খুঁজে ফিরি অদেখা সৌন্দর্য, যা একজন প্রকৃত শিল্পীর কাজ।

ভবিষ্যৎ যোগাযোগের মাধ্যম

রিপন কুমার দাস

ফোন : ০১৩০৯৯৬১৩৩৯

ইমেল : ripon79@gmail.com